

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২, বিচারপতি এস.এম.মোর্শেদ সরণী,
আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকা-১২০৭।

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে ২৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন কমিটি সভার
কার্যবিবরণী।

সভাপতি	মোঃ সুজায়েত উল্যা পরিচালক
সভার তারিখ	২৩ সেপ্টেম্বর ২০১৯
সভার সময়	সকাল ১১:০০ টা
স্থান	জাতীয় আরকাইভস পরিচালকের কক্ষ
উপস্থিতি	১) জনাব মোঃ জামাল উদ্দিন, চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চ. দা.), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা - সদস্য ২) জনাব মুহাম্মদ মুসলিম উদ্দিন, বিবলিওগ্রাফার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা - সদস্য ৩) জনাব মোঃ ইলিয়াছ মিয়া, গবেষণা কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা - সদস্য ৪) জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা - সদস্য সচিব

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য সদস্য সচিবকে অনুরোধ জানান। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোঃ হারিছ সরকার আলোচ্যসূচির প্রারম্ভে গত ৪ আগস্ট ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার অগ্রগতি উপস্থাপন করেন। উক্ত সভার মোট ৫টি সিদ্ধান্তের মধ্যে ক্রমিক নং ১, ৩ ও ৪ বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে। সিদ্ধান্তের ক্রমিক নং ২ ও ৫ বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন হয়নি। সিদ্ধান্তের ক্রমিক নং ২ কেন বাস্তবায়ন হয়নি সে বিষয়ে পরিচালক জনাব মুসলিম উদ্দিন, বিবলিওগ্রাফারকে উপস্থাপন করতে বলেন। জনাব মুসলিম উদ্দিন, বিবলিওগ্রাফার জানান যে, চাহিদা মোতাবেক মালামাল না পাওয়ায় কাজটি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। পরিচালক আগামী সভার পূর্বে অনিষ্পন্ন ২টি কাজ যথা- ১) জাতীয় গ্রন্থাগারে কপিরাইট আইনে সংগৃহীত পুস্তকাদি ডাটাএন্ট্রির সময় বিষয়ভিত্তিক ১০ টি কালার ট্যাগ ব্যবহার ও ২) সেবা সহজীকরণ প্রসেস ম্যাপ তৈরি বাস্তবায়ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। জাতীয় গ্রন্থাগারে আগত পাঠক/গবেষক/সেবাপ্রত্যাশীগণের জন্য একটি কফি কর্নার স্থাপনের জন্য সম্ভাব্যতা যাচাই করা হয়েছে। জনাব মোঃ জামাল উদ্দিন, চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চ. দা.) জানান যে সেবাপ্রত্যাশীগণ উল্লিখিত বিষয়ে আগ্রহী নন।

আলোচনা-পর্যালোচনার প্রেক্ষিতে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:-

- ১) উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ (কমপক্ষে ২০ জনের জন্য) আগামী অক্টোবর মাসের শেষ সপ্তাহে আয়োজন করবেন মোঃ জামাল উদ্দিন, চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চ. দা.)।
- ২) উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয়িত হিসাব আগামী সভায় উপস্থাপন করবেন মোঃ জামাল উদ্দিন, চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চ. দা.)।
- ৩) উদ্ভাবনী উদ্যোগসমূহের তালিকা তথ্য বাতায়নে প্রকাশ করবেন জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার।
- ৪) কফি কর্নার স্থাপনের প্রয়োজন নেই।
- ৫) ন্যূনতম একটি সেবা সহজীকরণ প্রসেস ম্যাপ তৈরি করে আগামী ১৫ অক্টোবর ২০১৯ এর মধ্যে

অফিস আদেশ জারী করবেন জনাব মুসলিম উদ্দিন, বিবলিওগ্রাফার।

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ সুজায়েত উল্যা
পরিচালক

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০৭.৩৩.০০১.১৮.৫৪

তারিখ: ১৬ আশ্বিন ১৪২৬

০১ অক্টোবর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপপরিচালক (আরকাইভস) (চলতি দায়িত্ব), উপপরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ২) চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব), চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৩) মাইক্রোফিল্ম অফিসার, মাইক্রোফিল্ম (সংরক্ষণ) অফিসারের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৪) বিবলিওগ্রাফার, বিবলিওগ্রাফি (সংকলন) , আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৫) বিবলিওগ্রাফার, বিবলিওগ্রাফি (প্রকাশনা ও রেফারেন্স) , আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৬) গবেষণা কর্মকর্তা, গবেষণা শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৭) সহকারী গ্রন্থাগার পরিচালক, সহকারী গ্রন্থাগার পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৮) জুনিয়র মাইক্রোফিল্মিং এন্ড ফটোস্ট্যাটিং অফিসার, বাঁধাই ও মেরামত শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৯) সহকারী পরিচালক, সহকারী পরিচালক (সংগ্রহ ও উন্নয়ন) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর



মোঃ হারিছ সরকার
প্রোগ্রামার